

## ■■ উসূলে ফিক্কহ (ফিক্কহের মূলনীতি)

বিভাগ/অধ্যায়ঃ ব্যাপক অর্থবোধক শব্দ (العام) রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

পরিচিতি

العام এর সংজ্ঞা: العام আভিধানিক অর্থ অন্তর্ভুক্তকারী।

عام এর পারিভাষিক অর্থ:

اللفظ المستغرق لجميع أفراده بلا حصر

عام হলো এমন শব্দ যা কোনরূপ সীমাবদ্ধতা ছাড়াই তার সমস্ত একককে অন্তর্ভূক্ত করে। যেমন: আল্লাহর বাণী:

إِنَّ الْأَبُّرَارَ لَفِي نَعِيم

পূণ্যবান লোকেরা থাকবে পরম স্বাচ্ছন্দ্যে (সূরা আল-ইনফিতার ৮২:১৩)।

আমাদের ভাষ্য: المستغرق لجميع أفراده (যা তার সমস্ত একককে শামিল করে)। এ অংশ দ্বারা ঐ সকল জিনিস বিলুপ্ত হয়েছে যা কেবল একটি বিষয়কে অন্তর্ভূক্ত করে। যেমন: নির্দিষ্ট নাম। যা কেবল একটি একককে অন্তর্ভূক্ত করে। আর হ্যাঁ বাচক অর্থের প্রেক্ষাপটে অনির্দিষ্ট বিশেষ্য প্রয়োজ্য হয়। যেমন: আল্লাহর বাণী:

فَتَحْرِيرُ رَقَبَةٍ

একটি দাস মুক্ত করতে হবে (সূরা আল-মুজাদালাহ ৫৮:৩)।

উক্ত আয়াতাংশ ব্যাপকভাবে সমস্ত একককে অন্তর্ভূক্ত করে না। বরং অনির্দিষ্টভাবে যে কোন একজনকে অন্তর্ভূক্ত করে।

بلا حصر (সীমাহীন) এ অংশ দ্বারা ঐ সব জিনিস বিলুপ্ত হয়েছে যা সীমাবদ্ধতার সাথে তার সমস্ত একককে অন্তর্ভূক্ত করে। যেমন: সংখ্যাবাচক বিশেষ্য একশ, এক হাজার ইত্যাদি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9443

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন